একবার বলো, সখী, ভালোবাস মোরে –
রেখো না ফেলিয়া আর সন্দেহের ঘোরে ।
সখী, ছেলেবেলা হতে   সংসারের পথে পথে
মিথ্যা মরীচিকা লয়ে যেপেছি সময় ।
পারি নে, পারি নে আর –  এসেছি তোমার দ্বার –
একবার বলো, সখী, দিবে কি আশ্রয় ।
সহেছি ছলনা এত, ভয় হয় তাই
সত্যকার সুখ বুঝি এ কপালে নাই ।
বহুদিন ঘুমঘোরে         ডুবায়ে রাখিয়া মোরে
অবশেষে জাগায়ো না নিদারুণ ঘায় ।
ভালোবেসে থাকো যদি লও লও এই হৃদি –
ভগ্ন চূর্ণ দগ্ধ এই হৃদয় আমার
এ হৃদয় চাও যদি লও উপহার ॥

---

Parjaay: Prem O Prakriti, Taal: Ara theka, Raag: Sahana
Visit www.geetabitan.com for notation and other detail